# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমাঃ প্রথম পত্র

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]

## ক বিভাগ: ফিন্যান্স

১.▶জনাব রহমান SKL কোম্পানির একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমান ঠিক না রেখে পণ্যের মূল্য বৃদ্ধির দিকেই বেশি মনোযোগ দেন। যার ফলে শেয়ারপ্রতি আয় বেড়ে যায়। অন্যদিকে জনাব জামিল MFL কোম্পানির একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমান ঠিক রাখেন। ভোক্তার স্বার্থ বিবেচনা করে সীমিত মুনাফা করেন। যার ফলে উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারিত হয়। তিনি কোম্পানি সংশ্লিষ্ট সকলের স্বার্থের দিক মাথায় রেখে কোম্পানির সম্পদ সর্বাধিকরণের দিকে নজর দেন।

ক. তারল্য ও মুনাফা নীতি কী? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়ণের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. SKL কোম্পানিতে অর্থায়নের কোন লক্ষ্যের প্রতিফলন ঘটেছে, ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদ পর্যন্ত টিকে থাকবে বলে তুমি মনে করো? যুক্তি দেখাও। ৪

২.▶জনাব রতন একজন রপ্তানিকারক। তিনি আমদানিকারকদের নিকট থেকে অঙ্গীকারপত্র, বিনিময় বিল ইত্যাদি পেয়ে থাকেন। তিনি এগুলো বাজারে বিক্রয় করে অর্থসংস্থান করতে পারেন। তিনি প্রতিষ্ঠানের সম্প্রসারণের জন্য শেয়ার, বন্ড বিক্রয় করে মূলধন গঠন করেন।

ক. মানি লন্ডারিং কী? ১

খ. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন বলতে কী বোঝায়? ২

গ. জনাব রতনের প্রাপ্ত বিলসমূহ কোন ধরনের বাজারে বিক্রয় হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় সম্প্রসারণে মূলধন গঠনে যে বাজারটি মুখ্য ভূমিকা রাখে তা বিশ্লেষণ করো। ৪

৩.▶জাহিদ একটি গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। গাড়ির মূল্য ২০,০০,০০০ টাকা। তিনি দুটি পরিকল্পনার মধ্যে যেকোনো একটি পরিকল্পনা গ্রহণ করে গাড়িটি ক্রয় করবেন। পরিকল্পনা-১: তাৎক্ষণিক ৫,০০,০০০ টাকা পরিশোধ করে বাকি টাকা ৩৬ মাসের কিস্তিতে (৩ বছর) সে গাড়িটি ক্রয় করতে পারে। সুদের হার ১২%। পরিকল্পনা-২: একটি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে গাড়িটি ক্রয় করলে আগামী ৩ বছরে প্রতি মাসে ৭০,০০০ টাকা করে কিস্তিতে পরিশোধ করতে হবে। সুযোগ ব্যয় ১৮%।

ক. বিধি-৭২ কী? ১

খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২

গ. পরিকল্পনা-১ অনুযায়ী মাসিক কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. জাহিদের কোন পরিকল্পনা অনুযায়ী গাড়িটি ক্রয় করা উচিত? যুক্তি দেখাও। ৪

৪.▶জনাব আসলামের ৫০,০০০ টাকার পণ্য ক্রয় করা প্রয়োজন। আসলাম সাহেব ৩/১৪, নিট ৩০' এ শর্তে ধারে পণ্য ক্রয় করতে পারেন অথবা ব্যাংক হতে ৫০,০০০ টাকা ঋণ নিয়েও পণ্য ক্রয় করতে পারেন। ব্যাংক হতে ঋণ নিলে আসলাম সাহেবকে ৩০ দিন পরে সুদে-আসলে ৫২,০০০ টাকা পরিশোধ করতে হবে।

ক. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ কী? ১

খ. গড় পরিশোধ সময় বৃদ্ধির ফলে নগদ চক্রের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্য মতে ব্যবসায় ঋণের ব্যয় নির্ণয় করো। ৩

https://teachingbd24.com

ঘ. ঋণের ব্যয় বিবেচনায় জনাব আসলামের ব্যাংক ঋণ গ্রহণের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶ জনাব মাইকেল একজন বিনিয়োগকারী। তিনি A ও B কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। বন্ড দুটির তথ্যসমূহ নিম্নরূপ:

| বন্ড | লিখিত মূল্য (টাকা) | কুপন হার | মেয়াদকাল | প্রয়োজনীয় আয়ের হার | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| A | ১,০০০ | ১২% | ১০ বছর | ১০% | ১,১০০ |
| B | ১,০০০ | ১০% | ৮ বছর | ১১% | ৯৮০ |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. শেয়ার ও ঋণপত্রের মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. কোম্পানি 'A'-এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. জনাব মাইকেলের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত তা মেয়াদ পূর্তিতে আয়ের হার নির্ণয়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করো। ৪

৬.▶

**XYZ লি.**

**তুলনামূলক উদ্বৃত্তপত্র**

| সম্পত্তিসমূহ | ২০১৫ | ২০১৬ | দায় ও মূলধনসমূহ | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| হাতে নগদ | ১০,০০০ | ২০,০০০ | পাওনাদার | ১০,০০০ | ৭,০০০ |
| মজুদ পণ্য | ৩০,০০০ | ২৫,০০০ | বকেয়া খরচ | - | ২,০০০ |
| দেনাদার | ১৫,০০০ | ৩০,০০০ | সংরক্ষিত আয় | ৩০,০০০ | ৩৬,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | ৭০,০০০ | সাধারণ শেয়ার মূলধন | ৬০,০০০ | ৯০,০০০ |
| অবচয় সঞ্চিতি | (৫০,০০০) | (১০,০০০) | | | |
| | ১,০০,০০০ | ১,৩৫,০০০ | | ১,০০,০০০ | ১,৩৫,০০০ |

**অন্যান্য তথ্য:** ২০১৬ সালের নিট আয় ১০,০০০ টাকা। নগদ যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা। নগদ লভ্যাংশ প্রদান ৪,০০০ টাকা। প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ টাকার সাধারণ শেয়ার ইস্যু।

ক. আর্থিক বিশ্লেষণ কী? ১

খ. ব্রেক ইভেন বিশ্লেষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. XYZ লি. ২০১৬ সালের পরিচালনা কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৩

ঘ. নগদ প্রবাহ বিবরণীর সাহায্যে কোম্পানির বিভিন্ন ধরনের নগদ প্রবাহের বিশ্লেষণ করো। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ সান কোম্পানি একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। নিম্নে সান কোম্পানির মূলধন কাঠামো দেওয়া হলো:

| | |
|---|---|
| ১২% ঋণপত্র | ১২,০০,০০০ টাকা |
| ১০% অগ্রাধিকার শেয়ার | ৪,০০,০০০ টাকা |
| সাধারণ শেয়ার | ১৪,০০,০০০ টাকা |
| মোট মূলধন | ৩০,০০,০০০ টাকা |

কোম্পানির সাধারণ শেয়ারের বর্তমান বিক্রয়মূল্য ১৫০ টাকা। বছর শেষে লভ্যাংশ প্রদান করা হবে ১০ টাকা। লভ্যাংশ বৃদ্ধির হার ৫%। কর্পোরেট কর হার ৩০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. উত্তরণ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. সান কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানির ভার আরোপিত গড় মূলধনের ব্যয় কত হবে? ৪

৮.▶ বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। ইদানীং এদেশের চিংড়ি চাষ আন্তর্জাতিক

https://teachingbd24.com

চাহিদা বৃদ্ধি পাচ্ছে। এ খাতকে সহায়তা করার লক্ষ্যে কক্সবাজারে 'AKL ব্যাংক লি.' নামক একটি ব্যাংক প্রতিষ্ঠিত হয়। এ ব্যাংকের পর্যাপ্ত পরিশোধিত মূলধন থাকা সত্ত্বেও গ্রাহক সংখ্যা স্বল্প। এ কারণে কেন্দ্রীয় ব্যাংক এটিকে পরিপূর্ণ ব্যাংকিং কার্যাবলি সম্পাদনের অনুমতি দেয়।

ক. ব্যাংকিং কী? ১

খ. ব্যাংকের তারল্য নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. কার্যাবলির ভিত্তিতে 'AKL ব্যাংক লি. প্রথম পর্যায় কোন ধরনের ব্যাংক ছিল? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত 'AKL ব্যাংক লি.' এখন কোন ধরনের ব্যাংকে পরিণত হবে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৯. ▶'কুশিয়ারা ব্যাংক লি.' ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় অর্থ সংকটে পড়েছে। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা চেয়ে আবেদন সম্পূর্ণভাবে ব্যর্থ হয়। এমতাবস্থায় অন্য একটি ব্যাংকের পরামর্শে ব্যাংকের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের কাছে আবেদন করলে প্রয়োজনীয় ঋণ পায়। উক্ত নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানটি দেশের দক্ষিণাঞ্চলে সিডরের কারণে জমিতে লবণাক্ততা দূরীকরণে স্বল্প সুদে ১০০ কোটি টাকা ঋণ প্রদানের প্রকল্প গ্রহণ করেছে। যার ফলশ্রুতিতে দেশের সুষম উন্নয়ন নিশ্চিত হয়।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রা বাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'কুশিয়ারা ব্যাংক লি.' কোন ব্যাংক প্রতিষ্ঠান থেকে ঋণ সুবিধা পেয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. সুষম উন্নয়নের লক্ষ্যে উদ্দীপকের ব্যাংকের কর্মকাণ্ডে কোন নীতির প্রভাব পরিলক্ষিত হয়? যুক্তিসহ আলোচনা করো। ৪

১০. ▶জনাব রানার 'নয়নতারা ব্যাংক লি.' এ একটি হিসাব আছে। তিনি একটি পোশাক শিল্প স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেন এবং অর্থ সংগ্রহের লক্ষ্যে নয়নতারা ব্যাংক লি.-এর নিকট ১০ বছরের জন্য ৫০ লক্ষ টাকা ঋণের আবেদন করলে তা প্রদানে ব্যাংকে তাদের সীমাবদ্ধতার কথা জানায়। এতে তিনি ব্যাংকটির ওপর ক্ষুব্ধ হন এবং অন্য একটি ব্যাংকে ঋণের জন্য আবেদন করেন।

ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক 'ধার করা অর্থের ধারক' – ব্যাখ্যা করো। ২

গ. 'নয়নতারা ব্যাংক লি.' জনাব রানাকে ঋণ প্রদানে অসম্মতি জানায় কোন নীতি অনুসরণ করে? আলোচনা করো। ৩

ঘ. 'নয়নতারা ব্যাংক লি.' কর্তৃক জনাব রানাকে ১০ বছর মেয়াদি ঋণ প্রদানে অপারগতা কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

১১. ▶মি. রাজন একজন চাকরিজীবী। ব্যাংকে হিসাব খোলার মাধ্যমে তিনি ATM অনলাইনসহ বিভিন্ন ব্যাংকিং সুবিধা এবং স্বল্প আয় করতে চান। অন্যদিকে অবসর প্রাপ্ত কর্মকর্তা মি. সুজন পেনশন বাবদ কিছু টাকা পেয়েছেন। এই টাকা এমন একটি হিসাবে রাখতে চান যাতে তার কিছু বাড়তি আয় হয়।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. KYC ফর্ম বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মি. রাজন যে ব্যাংকিং সুবিধা চায় তার জন্য কোন হিসাব উত্তম? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সুজন কোন ধরনের হিসাব খোলে বাড়তি আয় নিশ্চিত করতে পারবে বলে তুমি মনে করো? যুক্তিসহ মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (বহুনির্বাচনি) বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. রাজু ও আরও ৪ জন বন্ধু মিলে ২,০০,০০,০০০ টাকার শেয়ারমূলধন সংবলিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি গঠন করলেন। প্রতিটি শেয়ার ১০০ টাকা এবং মি. রাজু নিজে ১৫% শেয়ার ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। বাকি শেয়ার বিক্রয়ের জন্য কোম্পানিটিকে শেয়ারবাজারের তালিকাভুক্ত করলেন।

১. **মি. রাজু ১৫% শেয়ার ক্রয় করার ফলে তার অর্থসংস্থানের পরিমাণ কত?**
ক ৩,০০,০০০ টাকা খ ১০,০০,০০০ টাকা
গ ১৫,০০,০০০ টাকা ঘ ৩০,০০,০০০ টাকা

২. **সারা বিশ্বেই কোম্পানি ও বিনিয়োগকারী উভয় পক্ষের নিকট শেয়ারবাজার গুরুত্বপূর্ণ। কারণ—**
i. কোম্পানি সহজেই প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করতে পারে
ii. শেয়ারবাজার সকল দেশেই সহজ ও লাভজনক বিনিয়োগ ক্ষেত্র
iii. ক্ষুদ্র সঞ্চয়কারী এরূপ বাজারে সহজেই বিনিয়োগ করে লাভবান হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

৩. **সাধারণ ঋণ চুক্তির মাধ্যমে কাদের স্বার্থ সংরক্ষণ করা হয়?**
ক ঋণপত্রের মালিকদের
খ জামানতবিহীন বন্ডহোল্ডারদের
গ সাধারণ শেয়ার হোল্ডারদের
ঘ অগ্রাধিকার শেয়ারহোল্ডার

৪. **কোন ধরনের বন্ড হস্তান্তর করা যায় না?**
ক নিবন্ধনকৃত বন্ড খ আয় বন্ড
গ বাহক বন্ড ঘ তলবযোগ্য বন্ড

৫. **কীভাবে সাধারণ শেয়ার মালিকদের লভ্যাংশের হার বৃদ্ধি করা যায়?**
ক ঋণপত্র বিলি করে খ জামানত
গ সম্পত্তির ওপর দাবি ঘ একক মূল্য

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব কায়সার তার এক বন্ধুর পরামর্শে ABC লি. কোম্পানির সাধারণ শেয়ারে তিন লক্ষ টাকা বিনিয়োগ করেছেন। দুই বছর আশানুরূপ লভ্যাংশ পেলেও চলতি বছরে আকস্মিকভাবে কোম্পানি প্রচুর দায়গ্রস্থ হয়ে পড়েছে এবং দেউলিয়া হওয়ার উপক্রম হয়েছে। এ অবস্থায় কোম্পানির একজন মালিক হিসেবে জনাব কায়সার চিন্তিত হয়ে পড়েছেন।

৬. **স্টকের নিম্নোক্ত কোন বৈশিষ্ট্যটি উপরোক্ত উদ্দীপকের ক্ষেত্রে প্রাসঙ্গিক?**
ক চিরন্তন মেয়াদ খ সীমিত দায়
গ অবশিষ্ট মালিকানা ঘ ভোটাধিকার

৭. **আলোচ্য উদ্দীপক অনুযায়ী মি. কায়সারকে সর্বোচ্চ কত টাকা পর্যন্ত দায় বহন করতে হবে?**
ক তিন লক্ষ টাকা
খ চার লক্ষ টাকা
গ ছয় লক্ষ টাকা
ঘ নয় লক্ষ টাকা

৮. **জলিল ১৫% হারে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে। করহার ৫০%। তার ঋণ মূলধন ব্যয় কত?**
ক ৫.৭% খ ৭.৫%
গ ১৫% ঘ ৫০%

৯. **সাধারণত ব্যবসায় প্রতিষ্ঠান ঋণ মূলধন বাবদ সুদ, করপূর্ব মুনাফা থেকে বাদ দিয়ে করযোগ্য মুনাফা নির্ধারণ করে থাকে এর ফলে—**
ক কর বেশি দিতে হয়
খ কর কম দিতে হয়
গ মুনাফা কম অর্জিত হয়
ঘ ব্যয় বেশি হয়

১০. **সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বশর্ত হিসেবে সঠিক মূলধন খরচ নির্ণয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কারণ সঠিক মূলধন খরচ নির্ণয়ের অভাবে—**
i. কারবার ব্যর্থ হয়
ii. ঋণ পরিশোধে ব্যর্থ হয়
iii. ঋণ গ্রহণে ব্যর্থ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **ইস্যুকৃত ভ্রমণকারীর চেকের অর্থ বাণিজ্যিক ব্যাংক পেতে পারে—**
i. ব্যাংকের শাখা থেকে
ii. ব্যাংক অধীনস্থ এটিএম বুথ থেকে
iii. ব্যাংকের প্রতিনিধির কাছ থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. **XYZ ব্যাংক গ্রাহকদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ধরনের ঋণ প্রদার করে থাকে। এরূপ প্রতিটি ঋণ কী সৃষ্টি করে?**
ক আমানত খ ঋণ
গ ব্যবসায় ঘ রেমিটেন্স

https://teachingbd24.com

১৩. বাণিজ্যিক ব্যাংকের জন্য কোন তহবিল সংরক্ষণ বাধ্যতামূলক?
ক) সাধারণ রিজার্ভ
খ) পরিশোধিত মূলধন
গ) বিধিবদ্ধ রিজার্ভ
ঘ) লভ্যাংশ সমতাকরণ তহবিল

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
আজাদ সাহেব মার্চ মাসে লটারিতে ১০ লক্ষ টাকা পান। এর দুই মাস পর সে চাকরি থেকে অবসর লাভ করেন। যার ফলশ্রুতিতে পেনশন বাবদ ১০ লক্ষ টাকা লাভ করেন, যা তিনি ১ বছরের জন্য সঞ্চয়ী হিসাবে জমা রাখবেন।

১৪. লটারির টাকা কোন হিসাবে সংরক্ষণ করলে আজাদ সাহেব লাভবান হবেন?
ক) সঞ্চয়ী হিসাব খ) স্থায়ী হিসাব
গ) চলতি হিসাব ঘ) বিশেষ হিসাব

১৫. ১০ লক্ষ টাকার বিপরীতে বছরে আজাদ সাহেব কতবার সুদ পাবেন?
ক) ২ বার খ) ৩ বার
গ) ৪ বার ঘ) ৫ বার

১৬. পে-অর্ডার ইস্যু করার ক্ষেত্রে কয়টি পক্ষ থাকে?"
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১৭. চেক ব্যাংকের ওপর কার দ্বারা লিখিত আদেশপত্র?
ক) ব্যাংকের পরিচালকের
খ) আমানতকারীর
গ) ব্যাংকারের
ঘ) জনগণের

১৮. কোনটি জীবন বিমার অন্তর্ভুক্ত?
ক) মাতৃমঙ্গল বিমা
খ) তৃতীয় পক্ষ বিমা
গ) নিয়োগকারীর দায়ি বিমা
ঘ) পেশাগত ক্ষতিপূরণ বিমা

১৯. ৩৮-৫২ বছর বয়সের বিমাগ্রহীতার সংখ্যা ৫৩,০০০ এবং বার্ষিক মৃত্যুর সংখ্যা ১০০ জন হলে মৃত্যু হার কত?
ক) ১.৮৮ খ) ২.৫
গ) ৩.০ ঘ) ৩.৫

২০. অগ্নিজনিত ক্ষতি সংঘটনের প্রত্যক্ষ কারণ কোনটি?
ক) অসতর্কতা
খ) ত্রুটিপূর্ণ তাপ ব্যবস্থা
গ) ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
ঘ) দাহ্য প্রকৃতির সম্পত্তি

২১. অর্থ সংগ্রহ করা ও সংগৃহীত অর্থ বিনিয়োগ করাকে কী বলে?
ক) ব্যবসায় খ) লেনদেন
গ) অর্থায়ন ঘ) ব্যবসায় নীতিমালা

২২. কোন ধরনের প্রতিষ্ঠানসমূহ কখনো মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত ও পরিচালিত হয় না?
ক) ব্যবসায়ী প্রতিষ্ঠান
খ) স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান
গ) সরকারি প্রতিষ্ঠান
ঘ) অব্যবাসয়ী প্রতিষ্ঠান

২৩. যে অর্থের আন্তঃ ও বিহঃপ্রবাহ প্রতি মাসের শুরুতে হয় তাকে কী বলে?
ক) প্রদেয় বৃত্তি খ) সাধারণ বৃত্তি
গ) অগ্রিম বৃত্তি ঘ) বার্ষিক বৃত্তি

২৪. সানামা ৫% সুদে ১০,০০০ টাকা ব্যাংকে জমা রাখলে কত বছরে তা দ্বিগুণ হবে?
ক) ১২.৪৫ বছর খ) ১৪.১৫ বছর
গ) ১৬.২৮ বছর ঘ) ২০.৬৯ বছর

২৫. গাড়ি, ফ্রিজ, কম্পিউটার ইত্যাদি ক্রয়ে গৃহীত ঋণ—
i. ভোক্তা ঋণ ii. নগদ ঋণ
iii. ব্যবসায়িক ঋণ
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

২৬. সুদের হার ১০% হলে ৫ বছর পরের ১০০ টাকার বর্তমান মূল্য কত?
ক) ৫৫.০৮ টাকা খ) ৫৭.০২ টাকা
গ) ৬২.০৯ টাকা ঘ) ৭৭.০৯ টাকা

২৭. প্রতিষ্ঠানের পারিপার্শ্বিক অবস্থার মধ্যে সামঞ্জস্য রক্ষা করে—
i. আর্থিক বিশ্লেষণ ii. উদ্বৃত্তপত্র
iii. আর্থিক বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. আর্থিক বিবরণী সাধারণত কত দিনের ওপর ভিত্তি করে তৈরি করা হয়?
ক) ১ মাস খ) ৩ মাস
গ) ৬ মাস ঘ) ১২ মাস

২৯. ব্যবসায়ের মৌলিক উপকরণ কী?
ক) পুঁজি খ) পরিকল্পনা
গ) বাজার ঘ) পরিবহন

৩০. ব্যবসায় ঋণ কোন ধরনের অর্থায়ন?
ক) স্বতঃস্ফূর্ত খ) মুদ্রাবাজার ঋণ
গ) জামানতযুক্ত ঋণ ঘ) লেনদেন ঋণ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com